সংবাদ

## পরিবার মানুষের প্রথম শিক্ষালয়

পরিবার মানব সমাজের মৌল ভিত্তি। পারিবারিক জীবন বিবর্জিত মানবসভ্যতা কল্পনা করা যায় না। প্রত্যেক মানুষের জন্য পারিবারিক জীবন তার অস্তিত্বের জন্য অপরিহার্য। সমাজের শান্তি-শৃঙ্খলা, স্থিতিশীলতা, অগ্রগতি ইত্যাদি পারিবারিক সুস্থতা ও দৃঢ়তার ওপরই বহুলাংশে নির্ভরশীল। যদি পারিবারিক জীবন অসুস্থ ও নড়বড়ে হয়, তাতে ভাঙন ও বিপর্যয় দেখা দেয়, তাহলে সমাজ জীবনে নানা অশান্তি ও উপদ্রব সৃষ্টি হতে বাধ্য। পরিবারই হচ্ছে কল্যাণকর সমাজের ভিত্তি। সুতরাং আদর্শ সমাজ গঠনের অপরিহার্য শর্ত আদর্শ পরিবার গঠন।

পাশ্চাত্য সমাজ বস্তুবাদের রঙিন নেশায় বুঁদ হয়ে পরিবার প্রথাকে উপেক্ষা করছে। ফলে বন্ধনহীন, আদর-স্নেহ, মায়া-মমতা বঞ্চিত শিশু-কিশোর, যুবক-যুবতী তথা আপামর জনতা অবৈধ যৌনাচারসহ নানাবিধ অন্যায়-অপকর্মে জড়িয়ে পড়ছে। ডিএনএ টেস্ট করে সন্তানের পিতা শনাক্ত করতে হচ্ছে। পাশ্চাত্যের মতো এ অবস্থা আমাদের দেশে এখনও হয়নি সব ধর্মের ধর্মীয় অনুশাসন ও পারিবারিক প্রথার কারণে। কিন্তু কিছু দেশি-বিদেশি এনজিও, এজেন্ট পাশ্চাত্য অবস্থা সৃষ্টির লক্ষ্যে ধর্ম এবং পরিবার প্রথাকে ভেঙে দেয়ার জন্য গোপনে ও প্রকাশ্যে কাজ করে যাচ্ছে বহুদিন ধরে। আর এ কাজে সহায়তা করছে কিছু প্রচার মাধ্যম ও তথাকথিত বুদ্ধিজীবী।

পরিবারকে বলা হয় সমাজ ও রাষ্ট্রের আয়না। রাষ্ট্রের সামাজিক উন্নয়নে পরিবারের ভূমিকা ও দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ। পরিবারই একজন মানুষের সর্বপ্রথম এবং সর্বশ্রেষ্ঠ বিদ্যাপীঠ। রাষ্ট্র পরিচালনায় যেমন কিছু নিয়ম-নীতি আছে তেমনি পারিবারিকও একটি সংবিধান থাকা দরকার। যেমন- পরিবারের সবার সঙ্গে সদ্ভাব

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ. পরিসংখ্যান বিভাগ
চীফ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর